জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা -১২০৭।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০১৮.০০০০.০০১.০১.০৯৯.১৫-৭৩০/১(৩)

তারিখঃ ১১-০৪-২০১৭খ্রি.

বিষয় ঃ একজন খন্ডকালীন এমবিবিএস ডাক্তার নিয়োগ বিজ্ঞপ্তি।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-এ একজন খন্ডকালীন এমবিবিএস ডাক্তার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে জীবন বৃত্তান্তসহ আগামী ৩০-০৪-২০১৭ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, এনআইএলজি বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

(১) তাঁকে প্রতি কার্যদিবসে একটি নির্দিষ্ট সময়ে এনআইএলজিতে উপস্থিত থাকতে হবে এবং তিনি প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনাক্রমে কার্যদিবসের সময় নির্ধারণ করবেন;

(২) সর্বসাকুল্যে তাঁর মাসিক বেতন ১০,০০০/- (দশ হাজার) টাকা;

(৩) ঢাকা শহরে তাঁর আবাসন এবং চেম্বার থাকতে হবে;

(৪) এনআইএলজি'র সকল কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ এবং কর্মকর্তা-কর্মচারীগণের পিতা-মাতা, স্ত্রী/স্বামী ও সন্তানদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে;

(৫) প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রয়োজনবোধে কোর্সে অংশগ্রহণকারীগণকে অফিস সময়ের পরেও এনআইএলজি-তে অথবা নিজ চেম্বারে বিনা পরামর্শ ফি-তে চিকিৎসা সেবা প্রদান করতে হবে;

(৬) প্রশিক্ষণ চলাকালে অফিস সময়ের আগে বা পরে যে কোন সময়ে কোন প্রশিক্ষণার্থী গুরুতর অসুস্থ হয়ে পড়লে অন কল এনআইএলজি-তে উপস্থিত হয়ে তাঁকে প্রয়োজনীয় চিকিৎসা সেবা বা পরামর্শ প্রদান করতে হবে;

(৭) কোন রকম কারণ না দর্শিয়ে কর্তৃপক্ষ তাঁকে এক মাসের নোটিশে অব্যাহতি প্রদান করতে পারবেন এবং তিনিও এক মাসের নোটিশে চাকুরি থেকে অব্যাহতি নিতে পারবেন।

১১/০৪/১৭

(শেখ মফিজুল ইসলাম)
(যুগ্ম সচিব)
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)
ফোন ঃ ৮১৮১৮৫৪।

অনুলিপিঃ

১। জনাব মোঃ ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা, (ওয়েব সাইডে প্রচারের ব্যবস্থা গ্রহণার্থে)।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় গোচরীভুত করার জন্য), এনআইএলজি, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, এনআইএলজি, ঢাকা।

ADMN (AD L)